দৈনিক সংবাদ

33

তারিখ ...15 FEB 1990
পৃষ্ঠা... 8... কলাম... 6

### প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ পরীক্ষা

# বিজ্ঞপ্তি বিভ্রাট ।। ৮টি জেলায় ৫ হাজার আবেদনকারী পরীক্ষা দিতে পারেনি

(জেলা বার্তা পরিবেশক)

নীলফামারী ১৩ই ফেব্রুয়ারী।—বিজ্ঞপ্তি ভুল বোঝার কারণে সম্প্রতি অনুষ্ঠিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ পরীক্ষায় উত্তরাঞ্চলের ৮টি জেলার প্রায় ৫ হাজার আবেদনকারী অংশগ্রহণ করতে পারেনি। এদের আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হয়েছে।

পত্রিকা ও সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসের মাধ্যমে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তি দেখে রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার প্রায় ১৪ হাজার আবেদনপত্র জমা পড়ে। বাতিলকৃত এসব অধিকাংশ আবেদনকারী পরীক্ষার নম্বর ফর্দ জমা দেয়নি। বিজ্ঞপ্তিতে উল্লেখ ছিল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (যারা ১৯৮৫ সালে অথবা পরবর্তীতে দাখিল পাস করেছেন তাদের ক্ষেত্রে) আলিম ও ফাজিল পরীক্ষার নম্বর ফর্দ জমা দিতে হবে। এটি পড়ে বাতিলকৃত এসব আবেদনকারী মনে করেছিল যে, ১৯৮৫ সালে অথবা এর পরবর্তীতে যারা দাখিল পাস করেছে, কেবল তাদের ক্ষেত্রে নম্বর ফর্দ জমা দিতে হবে; অন্যদের জমা দিতে হবে না।

বাতিলকৃত এসব আবেদনকারী অভিযোগ করেছেন, আবেদন জমা দেয়ার সময়ও তারা স্ব স্ব উপজেলা শিক্ষা অফিসে এ বিষয়ে জিজ্ঞাসাবাদ করে নিয়েছিল। কিন্তু পরবর্তীতে যখন তারা পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি পাননি সে সময় বিজ্ঞপ্তি বিভ্রান্তির এই ঘটনা বলা সত্ত্বেও তাদের পরীক্ষা নেয়া হয়নি। তারা পুনরায় তাদের পৃথকভাবে পরীক্ষা নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়েছে।